মালয়েশিয়ায় ফের জাল পাসপোর্টসহ বাংলাদেশি গ্রেফতার

মালয়েশিয়ায় ফের জাল পাসপোর্টসহ এক বাংলাদেশিকে গ্রেফতার করেছে ইমিগ্রেশন বিভাগ। ২৩ আগস্ট ইমিগ্রেশনের স্পেশাল ব্রাঞ্চের অভিযানে রাজধানী কুয়ালালামপুরের পাংসাপুরি নাগাছারির একটি ঘর থেকে ৯৯ টি জাল পাসপোর্ট, ৫৩ হাজার মালয় রিঙ্গিতসহ এক বাংলাদেশি ও আরোও দুজনকে আটক করেছে স্পেশাল ব্রাঞ্চ।

তবে তদন্তের স্বার্থে আটককৃতদের নাম প্রকাশ করেনি স্পেশাল ব্রাঞ্চ। এ অভিযানে উদ্ধার করা হয় ৯০ টি বাংলাদেশি পাসপোর্ট, ৮টি ইন্দোনেশিয়ান, ১ টি ইন্ডিয়ান জাল পাসপোর্টসহ ৫৩ হাজার মালয় রিঙ্গিত। এ ছাড়া উদ্ধার করা হয়েছে সিআইডিবি কার্ড ১১, আইকাড ৬, মোবাইল ফোন ৬, ল্যাপটপ ১ ও একটি পাসপোর্ট তৈরির মেশিনসহ বিভিন্ন সামগ্রী।

মালয়েশিয়ার অভিবাসন বিভাগের প্রধান দাতুক খায়রুল দাজামি দাউদ এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান, এ চক্রটি দীর্ঘ সময় ধরে মালয়েশিয়ায় অবস্থিত বাংলাদেশ, ইন্ডিয়া ও ইন্দোনেশিয়ান নাগরিকদের কাছে জাল পাসপোর্ট, ভিসা, আইডি কার্ড বিক্রয়সহ বিভিন্ন অবৈধ কর্মকাণ্ডে জড়িত ছিল। গোপন সংবাদের ভিত্তিতে ১৫ জন ইমিগ্রেশন পুলিশের নেতৃত্বে একটি বিশেষ অভিযান পরিচালনা করে তাদেরকে গ্রেপ্তার করা হয়েছে।

ইমিগ্রেশন পরিচালক আরো জানান, দীর্ঘ পাঁচ মাস ধরে এ চক্রটি মালয়েশিয়ার লেমবাহ কিলাং এলাকায় সক্রিয় ছিলো। আটককৃত বাংলাদেশিসহ ৩ জনের বিরুদ্ধে অভিবাসন আইনের বিভিন্ন ধারায় গ্রেফতারকৃতের জিজ্ঞাসাবাদ চলছে।
উল্লেখ্য, চলতি বছরের শুরু থেকে এ পর্যন্ত জাল পাসপোর্টসহ প্রায় ২০ জন বাংলাদেশি ইমিগ্রেশনের জালে আটকা পড়লেন। এ চক্রকে ধরতে দীর্ঘদিন থেকে মাঠে কাজ করছে সেদেশের ইমিগ্রেশনের স্পেশাল ব্রাঞ্চ।